



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

জরুরি বিজ্ঞপ্তি

নং- ৬৪/জেএসসি/এসএসসি রেজিঃ/৮৮৪

তারিখ : ১৫/০৫/২০১৯

বিষয় : ২০১৯ সালে ৮ম ও ৯ম শ্রেণিতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের ছবি, অন্যান্য তথ্য সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৯ সালে ৮ম ও ৯ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতোমধ্যে শেষ হয়েছে। এ প্রেক্ষিতে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনে বিভাগ, বিষয়, ছবি সংশোধন ও বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে পারবে।

২। উপরোক্ত বিষয়সমূহ ভুল হয়ে থাকলে আগামী ১৬/০৫/২০১৯ হতে ৩০/০৬/২০১৯ তারিখের মধ্যে অনলাইনে সংশোধন (নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে) ও বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে হবে। নিম্নে ফি-এর হার দেয়া হলো :

শিক্ষার্থী প্রতি (৮ম শ্রেণি) রেজিস্ট্রেশন ফি : ১১০/-

শিক্ষার্থী প্রতি (৯ম শ্রেণি) রেজিস্ট্রেশন ফি : ২৭৩/-

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর আর কোন সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করা হবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে সংশোধন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


১৫/০৫/১৯

প্রফেসর প্রীতিশকুমার সরকার

বিদ্যালয় পরিদর্শক


মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ফোন : ৫৮৬১০০৬৯

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান


১৫/০৫/১৯